

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/০৪ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.৩৮৭—বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা তারামন বিবি গত ০১ ডিসেম্বর ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইমালিগ্লাহি ...রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬১ বছর।

২। তারামন বিবির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৯ অগ্রহায়ণ ১৪২৫/০৩ ডিসেম্বর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৮২৮৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৯ অগ্রহায়ণ ১৪২৫

ঢাকা: -----

০৩ ডিসেম্বর ২০১৮

বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা তারামন বিবি গত ০১ ডিসেম্বর ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহি ...রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬১ বছর।

তারামন বিবি ১৯৫৭ সালে কুড়িগ্রামের শংকর মাধবপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি মাত্র ১৪ বছর বয়সে মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। তিনি ১১ নম্বর সেক্টরে মুক্তিযোদ্ধাদের জন্য রান্না, অস্ত্র লুকিয়ে রাখা ও খবর সংগ্রহের কাজ করেন। একজন নারী মুক্তিযোদ্ধা হিসাবে পুরুষ সহযোদ্ধাদের পাশাপাশি তিনি কুড়িগ্রামের কোদালকাটির যুদ্ধ, গাইবান্ধা জেলার ফুলছড়ি, সাঘাটাসহ ব্রহ্মপুত্র নদ-তীরবর্তী অঞ্চলের কয়েকটি সম্মুখ যুদ্ধে অংশ নেন এবং সফল হন। শুধু সম্মুখ যুদ্ধই নয়, নানা কৌশলে শত্রু পক্ষের তৎপরতা এবং অবস্থান জানতে তিনি গুপ্তচর সেজে পাকবাহিনীর শিবিরে গেছেন। নিজের জীবনের ঝুঁকি নিয়ে নির্ভীক এ মহীয়সী নারী দেশমাতৃকার মুক্তির জন্য লড়াই করেছেন।

মুক্তিযুদ্ধে সাহসিকতা ও বীরত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ সরকার কর্তৃক ১৯৭৩ সালে তারামন বিবিকে ‘বীর প্রতীক’ উপাধিতে ভূষিত করা হয়।

মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানি দখলদার বাহিনীকে প্রতিরোধ করতে তারামন বিবি অস্ত্র হাতে নিয়ে যে সাহসী ভূমিকা পালন করেছিলেন, তা বাঙালি জাতির নিকট নিরন্তর প্রেরণার উৎস হিসাবে চিরস্মরণীয় হয়ে থাকবে।

তারামন বিবির মৃত্যুতে জাতি একজন দেশপ্রেমিক বীর মুক্তিযোদ্ধাকে হারাল।

মন্ত্রিসভা তারামন বিবির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিরিক্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.